ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫১৬৫
আগরতলা, ১১ ফেব্রুয়ারি, ২০২৬

# আগামী ১৪ ফেব্রুয়ারি বসছে মেগা লোক আদালত

ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আগামী ১৪ ফেব্রুয়ারি, রাজ্যে অনুষ্ঠিত হতে চলেছে মেগা লোক আদালত। বছরে চারটি জাতীয় লোক আদালত ছাড়াও আদালতে মামলার চাপ কমাতে মেগা লোক আদালতের উদ্যোগ নেওয়া হয়। সব জেলা এবং মহকুমা আদালতে লোক আদালতকে কেন্দ্র করে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। মেগা লোক আদালতে মোট ২৮টি বেঞ্চে ২৩,৬৯৮টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এরমধ্যে এমভি অ্যাক্ট সংক্রান্ত ১৮,৩৬৮টি মামলা, টিপি অ্যাক্ট সংক্রান্ত ৪,৫০৩টি মামলা, টিজি অ্যাক্ট সংক্রান্ত ২০৭টি মামলা এবং এক্সাইজ অ্যাক্ট সংক্রান্ত ৬২০টি মামলা রয়েছে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, মেগা লোক আদালত উপলক্ষে ইতিমধ্যেই মামলার উভয়পক্ষকে নোটিস দেওয়া হয়েছে। গত ৯ ফেব্রুয়ারি, থেকে আগামী ১৩ ফেব্রুয়ারি, পর্যন্ত প্রাক্ লোক আদালত বসছে সব জেলা আইনসেবা কর্তৃপক্ষের অফিসে। এখানে মেগা লোক আদালতের আগে উপস্থিত হয়ে নিজেদের মামলা নিস্পত্তি করার সুযোগ থাকছে। শ্রীমতি দত্ত চৌধুরী দ্রুত ও বিনা আইনি খরচে সংশ্লিষ্ট সবাইকে মামলা নিষ্পত্তি সুবিধা নিতে আহ্বান জানিয়েছেন। ত্রিপুরা রাজ্য আইন সেবা কর্তৃপক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****